



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-১২৯/২০১৬/১২০

তারিখঃ

১৫/০৬/২০২১
২৯/০৬/২০২১

বিষয়: এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি পরিবর্তন প্রসঙ্গে।

- সূত্রঃ ১) চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল মাদরাসার অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত ০৪.০৩.২০২১খ্রি. তারিখের আবেদন।
 ২) ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-১২৯/২০১৬/৮৮৭৬ ও তারিখ- ১২.০৯.২০১৯খ্রি.
 ৩) ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-১২৯/২০১৬/৩৬০ ও তারিখ- ০৯.০৮.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও ১নং সূত্রোক্ত স্মারকে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে অবহিত করা যাচ্ছে যে, ২নং সূত্রোক্ত স্মারকে জারিকৃত পত্রের মাধ্যমে গত ১২.০৯.২০১৯খ্রি. তারিখে এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন দেয়া হলেও অদ্যাবধি গভর্নিং বডি গঠন কার্যক্রম সম্পন্ন করতে পারেননি। এডহক কমিটি অনুমোদনের আবেদন প্রেরণ প্রসঙ্গে ৩নং সূত্রোক্ত স্মারক মূলে গত ০৯.০৯.২০২০খ্রি. তারিখে সভাপতি বরাবর পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি এডহক কমিটি গঠনের জন্য বিধি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রমও সম্পন্ন করতে পারেননি।

প্রেক্ষিতে, দীর্ঘ সময়ের মধ্যেও গভর্নিং বডি গঠন কার্যক্রম সম্পন্ন করতে না পারায় অধ্যক্ষের আবেদনের ভিত্তিতে চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল মাদরাসার এডহক কমিটির সভাপতি জনাব মোঃ আরিফুল হক লিটন, পিতা- মোঃ মোজাম্মেল হক, গ্রাম- অনন্তরাম, ডাকঘর- পীরগাছা, উপজেলা- পীরগাছা, জেলা-রংপুর এর মনোনয়ন বাতিল করে তদস্থলে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর কে এডহক কমিটির সভাপতি হিসাবে এবং বিদ্যোৎসাহী প্রতিনিধি জনাব মোঃ কামরুল ইসলাম (পলাশ), পিতা- মোঃ আব্দুল হান্নান মন্ডল, গ্রাম- মোংলাকুটি, ডাকঘর- মোংলাকুটি, উপজেলা- পীরগাছা, জেলা- রংপুর এর মনোনয়ন বাতিল করে তদস্থলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর কে এডহক কমিটির বিদ্যোৎসাহী প্রতিনিধি হিসাবে মাননীয় উপাচার্য মনোনয়ন দান করেছেন।

শর্ত থাকে যে, এডহক কমিটির মেয়াদের মধ্যেই নতুন গভর্নিং বডি গঠনের কার্যক্রম শেষ করতে হবে।

উপাচার্যের অনুমোদনক্রমে

(ড. মো. আবু হানিফা)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

মোবাইলঃ ০১৭০৫৪০৮০০১

অধ্যক্ষ

চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর- চৌধুরাণী, উপজেলা- পীরগাছা, জেলা- রংপুর।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-১২৯/২০১৬/১২০(০৩) তারিখঃ ২৯/০৬/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর ও সভাপতি, চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল মাদরাসা, পীরগাছা, রংপুর।
- ৪। জনাব মোঃ আরিফুল হক লিটন, সাবেক সভাপতি, চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল মাদরাসা, পীরগাছা, রংপুর।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর ও বিদ্যোৎসাহী প্রতিনিধি, চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল মাদরাসা, রংপুর।
- ৬। জনাব মোঃ কামরুল ইসলাম (পলাশ), সাবেক বিদ্যোৎসাহী প্রতিনিধি, চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল মাদরাসা, পীরগাছা, রংপুর।
- ৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৮। আই.সি.টি. শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৯। সংশ্লিষ্ট নথি।

(ফাহাদ আহমদ মোমতাজী)

সহকারী রেজিস্ট্রার

মোবাইলঃ ০১৭০৫৪০৮০০৫